# ২০২৬

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র : DSCC-13

### (আধুনিক বাংলা কাব্য-কবিতা)

### পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'সোমের প্রতি তারা' পত্র অবলম্বনে তারা চরিত্রটির স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

*অথবা*

(খ) 'বীরাঙ্গনা কাব্য'-র নামকরণটি কতখানি যুক্তিযুক্ত হয়েছে, তা আলোচনা করো। ১৫

২। (ক) প্রকৃতির অবারিত আঙিনায় বেড়ে ওঠা এক উপেক্ষিত শৈশব কীভাবে 'ছেলেটা' কবিতায় কবির প্রখর সমাজমনস্কতার দর্পণ হয়ে উঠেছে, তা আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) 'বিদ্রোহী' কবিতায় নজরুলের বিদ্রোহের যে চূড়ান্ত লক্ষ্য ও মানবিক আদর্শ ঘোষিত হয়েছে, তা আলোচনা করো। ১৫

৩। (ক) জীবনানন্দের 'রাত্রি' কবিতাটিকে সময়চেতনার নিরিখে ব্যাখ্যা করো। ১৫

*অথবা*

(খ) সুভাষ মুখোপাধ্যায়ের 'বধূ' কবিতা অবলম্বনে মধ্যবিত্ত সংসারের অন্দরমহলের চেনা রূঢ় বাস্তবতাটির পরিচয় দাও। ১৫

৪। (ক) রামের রাজ্যাভিষেকের সিদ্ধান্তকে কেন্দ্র করে দশরথের সত্যভঙ্গ বা প্রতিশ্রুতি লঙ্ঘনের যে অভিযোগ কেকয়ী তুলেছেন, তা 'দশরথের প্রতি কেকয়ী' পত্রটি অবলম্বনে বুঝিয়ে দাও। ৫

*অথবা*

(খ) 'লক্ষ্মণের প্রতি সূর্পনখা' পত্রে নরনারীর চিরাচরিত প্রেমের সম্পর্কের ক্ষেত্রে নারীর মনস্তত্ত্বের কোন সাহসী বাঁকবদল ঘটেছিল, তা বুঝিয়ে লেখো। ৫

৫। (ক) 'সাধারণ মেয়ে' কবিতায় মালতী নিজেকে সাধারণ বলে উল্লেখ করলেও তার ভাবনার মধ্যে যে অসাধারণ আত্মসচেতনতা ও আধুনিকতার প্রকাশ ঘটেছে, তা সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা*

(খ) 'দারিদ্র্য' কবিতায় একদিকে বিষাদ ও বঞ্চনার সুর, অন্যদিকে দ্রোহ ও প্রতিরোধের চেতনা এই দুইয়ের মেলবন্ধন কীভাবে ঘটেছে, তা আলোচনা করো। ৫

৬। (ক) অমিয় চক্রবর্তীর 'সংগতি' কবিতায় 'আলো' এবং 'হাওয়া'— প্রকৃতির এই দুটি উপাদান কীভাবে মানুষের অবরুদ্ধ ও ক্লান্ত চেতনাকে মুক্ত করার অনুঘটক হিসেবে কাজ করেছে, সে বিষয়ে আলোকপাত করো। ৫

*অথবা*

(খ) 'বোধন' কবিতার মূল সুর কীভাবে হতাশার অন্ধকার পেরিয়ে এক অপরাজেয় আশাবাদ ও গণজাগরণের জয়গান গায়, তা কবিতাটির ভাববস্তু অবলম্বনে মূল্যায়ন করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "হায়, আশামদে মত্ত আমি পাগলিনী!"— 'আমি' কে?

(খ) "ভুঞ্জ আসি রাজ-ভোগ দাসীর আলয়ে"— 'দাসী' কে?

(গ) 'বীরাঙ্গনা কাব্য' কোন ছন্দে রচিত?

(ঘ) 'পুনশ্চ' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

(ঙ) 'বাঁশি' কবিতায় কেরানি ছাড়া তার একতলার ঘরে আর কোন জীব থাকে?

(চ) নজরুল 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করেছিলেন?

(ছ) 'পথের দিশা' কবিতাটি কোন কবির রচনা?

(জ) নজরুলের 'সঞ্চিতা' গ্রন্থটির প্রথম প্রকাশকাল লেখো।

(ঝ) 'রবীন্দ্রনাথের প্রতি' কবিতাটি বুদ্ধদেব বসুর কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঞ) 'প্রচ্ছন্ন স্বদেশ' কবিতাটি বিষ্ণু দে-র কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ট) সুনীল গঙ্গোপাধ্যায়ের কোন কবিতায় 'তিন প্রহরের বিল'-এর উল্লেখ রয়েছে?

(ঠ) 'আমার ভারতবর্ষ' কবিতাটির মূল সুর কী?

(ড) 'অন্তহীন ধান ও গানের স্বপ্ন' কোন কবিতার অংশ?

(ঢ) 'কেউ কথা রাখেনি' কবিতায় মামা বাড়ির মাঝির নাম কী?

(ণ) সুকান্ত ভট্টাচার্যের 'বোধন' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

---